

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের অংশগ্রহণে ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আকরাম-আল-হোসেন, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
তারিখ : ২৬ সেপ্টেম্বর, ২০১৯
সময় : ১০:০০ ঘটিকা
স্থান : আশুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, সাভার, ঢাকা।


সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক-তে সংযোজিত।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং উপপরিচালক (তদন্ত ও শৃংখলা), ঢাকা এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ও শিক্ষকমন্ডলী আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় নিম্নের বিষয়গুলো নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
(১) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মাঠ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পবরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম।	ক) শিশুদের ভর্তি ও উপস্থিতি: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশনার আলোকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে প্রতি অর্ধবার্ষিকীতে একটি করে অংশীজনের সভা করা হচ্ছে মর্মে সভায় আলোচনা করা হয়। সভায় সকল পর্যায়ের অংশীজনকে নিয়ে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়ে থাকে। এছাড়া বিদ্যালয় পর্যায়ে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নে বিদ্যালয়ের শিশুদের শতভাগ ভর্তি, নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক পাঠ পরিকল্পনা মোতাবেক শিশুদের যোগ্যতা অর্জন, অভিভাবকদের সাথে কার্যকর যোগাযোগ স্থাপন, বিদ্যালয়ের পরিবেশ উন্নয়নের উপর সভায় আলোচনা করা হয়। উল্লেখ্য, প্রতিটি বিদ্যালয়ে শিক্ষার গুণগত মান অর্জনে শিশুদের One day one word চর্চা, এবং প্রতিটি বিদ্যালয়ে সততা স্টোর/সততার দোকান, মহানুভবতার দেয়াল স্থাপন নিয়েও অংশীজনের সাথে আলোচনা করা হয়। খ) অভিযোগ/মতামত বক্স স্থাপন: বিদ্যালয়ে স্থাপিত অভিযোগ/মতামত বক্স নিয়মিত পর্যবেক্ষণ এবং অভিযোগ প্রতিকার করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে প্রধান শিক্ষক, ম্যানেজিং কমিটির সভাপতি ও ক্রাস্টারের বিষয়ে আলোচনা।	ক) বিদ্যালয়ের প্রধান শিক্ষক শতভাগ শিশুর ভর্তি নিশ্চিত করায় তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সাভার উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে শতভাগ শিশু ভর্তি ও উপস্থিতি নিশ্চিতকরণে উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে জানান। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করণে প্রতিটি বিদ্যালয়ে One day one word চর্চার বিষয়টি সহকারি উপজেলা শিক্ষা অফিসারগণ নিশ্চিত করবেন। খ) অভিযোগ/মতামত বক্সে প্রাপ্ত আবেদন/মতামত নিয়মিত পর্যবেক্ষণ ও নিষ্পত্তি করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার। প্রধান শিক্ষক (সকল)
(২) শুদ্ধসুরে জাতীয় সংগীত ও শপথ বাক্য পাঠ।	২) শুদ্ধসুরে জাতীয় সংগীত ও শপথ বাক্য নিয়মিত পাঠ করানো এবং নিয়মিত অনুশীলন করানো বিষয়ে আলোচনা। এ বিষয়ে প্রধান শিক্ষক, আশুলিয়া মডেল সরকারি প্রাথমিক	২) শুদ্ধসুরে জাতীয় সংগীত ও শপথ বাক্য পাঠ ও নৈতিক শিক্ষার নিয়মিত অনুশীলন অব্যাহত রাখতে হবে।	প্রধান শিক্ষক (সকল)

<p>(৩) শুদ্ধাচার কৌশল হিসেবে বিদ্যালয়ে কাব ও হলদে পাখি কার্যক্রম।</p>	<p>বিদ্যালয় সভায় জানান যে প্রতিটি বিদ্যালয়ে দৈনিক সমাবেশে শুদ্ধসুরে জাতীয় সংগীত ও শপথ বাক্য নিয়মিত পাঠ করানো হচ্ছে এবং শিশুদের গুরুজন ও সহপাঠীদের সাথে কিভাবে সুন্দর আচরণ করতে হয় সে বিষয়গুলো নিয়ে নিয়মিত অনুশীলন করানো হচ্ছে।</p> <p>৩) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে বিদ্যালয়ে কাব ও হলদে পাখি কার্যক্রম চালু রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। প্রতিটি বিদ্যালয়ে বৃহস্পতিবার ক্লাস শেষে কাব ও হলদে পাখির দল, নীতি বাক্য পাঠ ও সমাজ উন্নয়নমূলক কার্যক্রমের মাধ্যমে শিশুরা শুদ্ধাচারের অনুশীলন করছে মর্মে উপজেলা শিক্ষা অফিসার সভায় অবহিত করেন এবং এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>৩) প্রতিটি স্কুলে কাব ও হলদে পাখির দল গঠন ও কার্যক্রম অনুশীলন করতে হবে।</p>	<p>সহকারি উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট ক্লাস্টার)।</p>
--	--	--	---

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 মোঃ আকরাম-আল-হোসেন
 সচিব
 প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

৩৮.০০.০০০০.০০৪.৩১.০০২.১৬- ৩৫৭

তারিখঃ ০৯.০৯.১৯/২০১৯

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৩। যুগ্ম সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, (ওয়েব সাইটের শুদ্ধাচার বক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা/সুপারিনটেনডেন্ট, পিটিআই, ঢাকা।
- ৮। উপজেলা শিক্ষা অফিসার, সাভার, ঢাকা।
- ৯। সভাপতি, এসএমসি,
- ১০। প্রধান শিক্ষক,
- ১১। জনাব


 ০৯.০৯.২০১৯
 (ছামছুন নাহার)
 সিনিয়র সহকারি সচিব
 প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
 ফোনঃ ৯৫৪৫৬১৪